বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-৩৯

তারিখ : ০৬ আশ্বিন ১৪২৭ / ২১ সেপ্টেম্বর ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

২০২০-২০২১ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

দেশের রপ্তানি বাণিজ্য উৎসাহিত করার লক্ষ্যে সরকার চলতি ২০২০-২০২১ অর্থবছরে ০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত জাহাজীকৃত সংশ্লিষ্ট পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এক্ষেত্রে বর্ণিত সুবিধার বিষয়ে ২২ সেপ্টেম্বর ২০১৯ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং ৩৫ ও ৩০ জানুয়ারি ২০২০ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং ৫ এ উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য রপ্তানির বিপরীতে বিদ্যমান হারে ২০২০-২০২১ অর্থবছরেও আলোচ্য সুবিধা বহাল থাকবে।

০২। চলতি অর্থবছরে রপ্তানি প্রণোদনা/রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা পরিশোধের ক্ষেত্রে (i) বস্ত্রখাতে একই রপ্তানির বিপরীতে একাধিক সুবিধা প্রাপ্তির বিষয়ে ২১ মার্চ ২০১৯ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং ০৬, (ii) কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানির বিপরীতে ভতুর্কি প্রদান সংক্রান্ত ২৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখে জারিকৃত সার্কুলার নং ৩৭, (iii) এফই সার্কুলার নং ৩৫/২০১৯ এর ৯ ও ১১ অনুচ্ছেদদ্বয়ের বিষয়ে ২৭ অক্টোবর ২০১৯ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং ২৫, (iv) এফই সার্কুলার নং ৩৫/২০১৯ এর দ্বিতীয় অনুচ্ছেদের ১ নং ক্রমিকের নির্দেশনা বাস্তবায়নকল্পে ০৭ জানুয়ারি ২০২০ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং ০১, (v) এফই সার্কুলার নং ৩৫/২০১৯ এর প্রথম অনুচ্ছেদের ২ নং ক্রমিকে বর্ণিত সুবিধার পরিধি বিষয়ে ২৫ আগস্ট ২০২০ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং ৩৫ এর নির্দেশনা প্রযোজ্য থাকার পাশাপাশি রপ্তানি প্রণোদনা/রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা পরিশোধ সংশ্লিষ্ট সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩